শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**প্রশাসন-১ শাখা**
স্থানীয় সরকার বিভাগ

বিষয়ঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ইস্যুকৃত কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট সার্টিফিকেট মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থার নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে অন্তর্ভুক্তকরণ।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩/০৬/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৯.২২.১০২ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ইস্যুকৃত কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট সার্টিফিকেট মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থার নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

০১.৭.২০২৪
মোঃ হাবিবুর রহমান
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ
১। উপসচিব (সিটি কর্পোরেশন-১/উন্নয়ন-১/পাস-২/জেলা পরিষদ/উপজেলা-১/উপজেলা-২/পৌর-১/পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব (সিটি কর্পোরেশন-২/পাস-১/পাস-৩/ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

**অনুলিপিঃ**
১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ইউ,ও নোট নং- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৩- ৬৯৬ তারিখঃ ০১/০৭/২০২৪

ডাইরী নং-
তারিখ: 02.07.2024
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৯.২২.১০২ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩১

০৩ জুন ২০২৪

বিষয়: **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ইস্যুকৃত কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট সার্টিফিকেট মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থার নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে অন্তর্ভুক্তকরণ।**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৫৬.০০.০০০০.০৫৫.৩২.০০৫.২১.১১ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ স্মারকের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ উল্লেখ করেছে যে, বেতন গ্রেড-১১ হতে ২০ এর বিভিন্ন পদে মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর-সংস্থায় জনবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট গ্রহণ করা হয়। উপযুক্ত প্রার্থী নির্বাচন ও বাছাই পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সময় এবং অর্থ সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর মাধ্যমে এ ধরণের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ, নির্ধারিত ক্যাটাগরিতে উত্তীর্ণদের সার্টিফিকেট ইস্যুকরণ এবং কেবল সার্টিফিকেটধারীদের নিয়োগ-সংক্রান্ত আবেদনের সুযোগ দিলে নিয়োগের জটিলতা অনেকাংশে হ্রাস পাবে। এতে একদিকে যেমন চাকরীপ্রার্থীরা উপকৃত হবেন অন্যদিকে নিয়োগকারী প্রতিষ্ঠানের শূন্য পদ পূরণের ক্ষেত্রে অর্থ ও সময় সাশ্রয় হবে। এ প্রেক্ষিতে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থাসমূহের নিয়োগ পরীক্ষায় কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট বিসিসি কর্তৃক গ্রহণের অনুমোদন এবং বিসিসি কর্তৃক ইস্যুকৃত কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউট টেস্ট সার্টিফিকেট নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদানের জন্য সূত্রোস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

২। উল্লেখ্য, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইনের বলে সৃষ্ট একটি প্রতিষ্ঠান। 'বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০'-এ কাউন্সিলের কার্যাবলীতে 'নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্ব শর্ত হিসেবে কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট গ্রহণপূর্বক সার্টিফিকেট ইস্যুর' বিষয়টি উল্লেখ নেই। এমতাবস্থায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রস্তাবিত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে তাঁর মন্ত্রণালয়/বিভাগের মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: (১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পত্র ও বিসিসি'র পত্র,

(২) অর্থ ও সময় সাশ্রয়ে বিসিসি কর্তৃক প্রাক্কলিত ব্যয়ের খসড়া (নমুনা),

(৩) বিসিসি'র সভার কার্যবিবরণী।

৩-৬-২০২৪

উদয়ন দেওয়ান

উপসচিব

৪

বিতরণ :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২) সিনিয়র সচিব/সচিব,

.......স্থানীয় সরকার......(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ব্যতীত সকল মন্ত্রণালয়/বিভাগ)

৩) সচিব , সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

ফোন: ৯৫১৫৫৫২

ইমেইল: reg1@mopa.gov.bd

০১৭.২২

১৩৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সংস্থা-২ শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৫.৩২.০০৫.২১.১১ তারিখ: ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ইস্যুকৃত কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট সার্টিফিকেট মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থার নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে অন্তর্ভুক্তকরণ।

সূত্র: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০৫.০৬.৬৫২.২২.৭৮; তারিখ-৩১ জানুয়ারি ২০২৪ (কপি সংযুক্ত)

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেলের গ্রেড-১১ হতে গ্রেড-২০ এর বিভিন্ন পদে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থায় জনবল নিয়োগের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট গ্রহণ করা হয়। উপযুক্ত প্রার্থী নির্বাচন ও বাছাই পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সময় এবং অর্থ সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর মাধ্যমে এ ধরণের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ, নির্ধারিত ক্যাটাগরিতে উত্তীর্ণদের সার্টিফিকেট ইস্যুকরণ এবং কেবল সার্টিফিকেটধারীদের নিয়োগ-সংক্রান্ত আবেদনের সুযোগ দিলে নিয়োগের জটিলতা অনেকাংশে হ্রাস পাবে। এতে একদিকে যেমন চাকরিপ্রার্থীরা উপকৃত হবেন অন্যদিকে নিয়োগকারী প্রতিষ্ঠানের শূন্যপদ পুরণের ক্ষেত্রে অর্থ ও সময় উভয়ই সাশ্রয় হবে।

০৩। এমতাবস্থায়, মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর-সংস্থাসমূহের নিয়োগ পরীক্ষায় কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট বিসিসি কর্তৃক গ্রহণের অনুমোদন এবং বিসিসি কর্তৃক ইস্যুকৃত কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট সার্টিফিকেট নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

জনপ্রশাসন মন্ত্রণালয়
ডায়েরী নং: ...
তারিখ: ...
শাখা: ...

০৭-০২-২০২৪
এস এম মুনীর উদ্দিন
উপসচিব
০২৪১০২৪২৪১
munir.uddin@ictd.gov.bd

সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৫.৩২.০০৫.২১.১১/১ (৩) তারিখ: ২৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী পরিচালক (গ্রেড-১), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;
২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং
৩। ব্যক্তিগত কর্মকর্তা, অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

০৭-০২-২০২৪
এস এম মুনীর উদ্দিন
উপসচিব

সকল সংযুক্তিসমূহ:

(১) নিয়োগ প্রক্রিয়ায় অর্থ ব্যয়ের তুলনামূলক নমুনা

(২) বিসিসি এর কাউন্সিল সভার কার্যবিবরণীর সংশ্লিষ্ট অংশ

(৩) সূত্রস্থ পত্র

৮৫৭

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
www.bcc.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০০৫.০৬.৬৫২.২২.৭৮

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট গ্রহণ ও কম্পিউটার দক্ষতা যাচাইপূর্বক সার্টিফিকেট প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় বেতন স্কেলের গ্রেড-১১ হতে গ্রেড-২০ এর বিভিন্ন পদে জনবল নিয়োগে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীতে কম্পিউটার টাইপিং/অ্যাপটিটিউড টেস্ট গ্রহণ করা হয়। BCS পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন পরীক্ষার্থীগণ গ্রেড-১১ হতে গ্রেড-২০ এর পদেও নিয়োগ প্রাপ্তির আশায় আবেদন করেন। ফলে তারা সহজেই লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয় কিন্তু ব্যবহারিক পরীক্ষার জন্য পর্যাপ্ত প্রস্তুতি না থাকায় তারা ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেন না। অন্যদিকে এসকল পদের জন্য উপযুক্ত পরীক্ষার্থীরা ব্যবহারিক পরীক্ষার পূর্ণ প্রস্তুতি গ্রহণ করেও লিখিত পরীক্ষায় BCS এর জন্য প্রস্তুতি গ্রহণকারী পরীক্ষার্থীদের সাথে প্রতিযোগিতায় টিকতে পারেনা। ফলে, নিয়োগকারী মন্ত্রণালয়/সংস্থা তাদের শূন্যপদ পূরণে জটিলতায় পড়ে। অথচ লিখিত/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ বাবদ তাদের প্রায় ১৫/২০ লক্ষ টাকা কখনো কখনো এর চেয়ে অনেক বেশী খরচ হয়ে যায় (খসড়া নমুনা সংযুক্ত)।

২। উপযুক্ত প্রার্থী নির্বাচন ও পরীক্ষা গ্রহণ সংক্রান্ত সময় এবং অর্থ সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমে এ ধরণের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ, নির্ধারিত ক্যাটাগরিতে উত্তীর্ণদের সার্টিফিকেট ইস্যু এবং কেবল সার্টিফিকেটধারীদের নিয়োগ-সংক্রান্ত আবেদনের সুযোগ দিলে নিয়োগের জটিলতা অনেকাংশে হ্রাস পাবে। ফলে একদিকে যেমন ঐ পদের জন্য প্রকৃত পরীক্ষার্থীরা উপকৃত হবেন অন্যদিকে তেমনি নিয়োগকারী প্রতিষ্ঠানের শূন্যপদ পূরণের ক্ষেত্রে অর্থ ও সময় উভয় সাশ্রয় হবে।

৩। উল্লেখিত প্রস্তাব বিসিসির কাউন্সিল সভায় উপস্থাপন করা হলে কাউন্সিল কর্তৃক অনুমোদিত হয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যবিবরণী সংশ্লিষ্ট অংশ সংযুক্ত)।

৪। এমতাবস্থায়, বিসিসির কাউন্সিল কমিটির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বিসিসি কর্তৃক ব্যবহারিক পরীক্ষা গ্রহণের অনুমোদন এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনের পূর্বশর্ত হিসেবে বিসিসি কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদানের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩১-০১-২০২৪
রনজিৎ কুমার
নির্বাহী পরিচালক (গ্রেড-১)

সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

দৃষ্টি আকর্ষণ:
উপসচিব, সংস্থা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

(খসড়া নমুনা)

ধরা যাক, একটি দপ্তরে ২০০জন কম্পিউটার অপারেটর নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো এবং উক্ত পদের বিপরীতে আবেদনকারী সংখ্যা হচ্ছে ৩০,০০০জন।

| ক্রম | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | **লিখিত পরীক্ষা বাবদ খরচ**<br>পরীক্ষা কেন্দ্র/পরীক্ষা গ্রহণ পরিদর্শন ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সম্মানী/ভাতা বাবদ ব্যয় [প্রতিকক্ষে আসন সংখ্যা ৭৫জন হিসেবে]<br>(কক্ষের সংখ্যা: ৪০০টি × হার: ১,২০০/- × পরিদর্শক: ২জন) | ৯,৬০,০০০/- |
| | সহায়তাকারী<br>(২জন × ৫০০/- × ৪০০টি কক্ষ) | ৪,০০,০০০/- |
| | লিখিত পরীক্ষার উত্তরপত্র মুল্যায়ন<br>(৩০,০০০টি খাতা × ১২০/-) | ৩৬,০০,০০০/- |
| | কমিটির সদস্যের সম্মানী<br>(৫জন × ৫,০০০/- × ২টি সভা) | ৫০,০০০/- |
| | আপ্যায়ন ও অন্যান্য<br>(৩০০জন পরীক্ষকের জন্য) | ২,১০,০০০/- |
| | **উপমোট (ক)** | **৫২,২০,০০০/-** |
| ২. | ব্যবহারিক পরীক্ষা বাবদ খরচ<br>(লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ১০,০০০জন × প্রতিজন ২০০/- হারে) * | ২০,০০,০০০/- |
| | **উপমোট (খ)** | **২০,০০,০০০/-** |
| ৩. | মৌখিক পরীক্ষা বাবদ খরচ [১:৫ অনুপাতে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ ১,০০০জন] (প্রতি বোর্ডে ৪০জন প্রার্থী হিসেবে)<br>কমিটির সদস্যদের সম্মানী<br>(২৫টি বোর্ড × ৫জন × ৫,০০০/-) | ৬,২৫,০০০/- |
| | সহায়তাকারী<br>(২৫টি বোর্ড × ১জন × ৬০০/-) | ১৫,০০০/- |
| | আপ্যায়ন ও অন্যান্য<br>(২৫টি বোর্ড × ৬জন × ৭০০/-) | ১,০৫,০০০/- |
| | **উপমোট (গ)** | **৭,৪৫,০০০/-** |
| | **সর্বমোট (ক+খ+গ)** | **৭৯,৬৫,০০০/-** |

* [কাঙ্খিত ২০০জন কম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান করতে হলে ১টি পদের বিপরীতে অধিক সংখ্যক প্রার্থী বিবেচনা করা প্রয়োজন। কারণ উত্তীর্ণ প্রার্থীদের অধিকাংশই কম্পিউটার টাইপিং-এ দক্ষ নয়। সে হিসেবে ১জন প্রার্থীর বিপরীতে ৫০জন প্রার্থী নির্ধারণ করা হয়েছে। লিখিত পরীক্ষায় কমসংখ্যক প্রার্থী নির্বাচিত করা হলে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অনুযায়ী চূড়ান্ত প্রার্থী নির্বাচন করা যাবে না]

**যদি কম্পিউটার টেস্টে উত্তীর্ণ সার্টিফিকেটধারী থাকে; তবে সম্ভব্য ব্যয়**

(বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকারী সংখ্যা: ১৫,০০০জন হিসেবে)

| ক্রম | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | **লিখিত পরীক্ষা বাবদ খরচ**<br>পরীক্ষা কেন্দ্র/পরীক্ষা গ্রহণ পরিদর্শন ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সম্মানী/ভাতা বাবদ ব্যয় [প্রতিকক্ষে আসন সংখ্যা ৭৫জন হিসেবে]<br>(কক্ষের সংখ্যা: ২০০টি × হার: ১,২০০/- × পরিদর্শক: ২জন) | ৪,৮০,০০০/- |
| | সহায়তাকারী<br>(২জন × ৫০০/- × ২০০টি কক্ষ) | ২,০০,০০০/- |
| | লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন<br>(১৫,০০০টি খাতা × ১২০/-) | ১৮,০০,০০০/- |
| | কমিটির সদস্যের সম্মানী<br>(৫জন × ৫,০০০/- × ১টি সভা) | ২৫,০০০/- |
| | আপ্যায়ন ও অন্যান্য<br>(১৫০জন পরীক্ষকের জন্য) | ১,০৫,০০০/- |
| | **উপমোট (ক)** | **২৬,১০,০০০/-** |
| ২. | **মৌখিক পরীক্ষা বাবদ খরচ [১:৫ অনুপাতে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ ১,০০০জন] (প্রতি বোর্ডে ৪০জন প্রার্থী হিসেবে)**<br>কমিটির সদস্যদের সম্মানী<br>(২৫টি বোর্ড × ৫জন × ৫,০০০/-) | ৬,২৫,০০০/- |
| | সহায়তাকারী<br>(২৫টি বোর্ড × ১জন × ৬০০/-) | ১৫,০০০/- |
| | আপ্যায়ন ও অন্যান্য<br>(২৫টি বোর্ড × ৬জন × ৭০০/-) | ১,০৫,০০০/- |
| | **উপমোট (খ)** | **৭,৪৫,০০০/-** |
| ৩. | **সর্বমোট (ক+খ)** | **৩৩,৫৫,০০০/-** |

দেখা যাচ্ছে যে, একটি বড় নিয়োগে প্রায় ৪৬,১০,০০০/- টাকা সাশ্রয় হবে এবং সময় সাশ্রয় হবে ন্যূনতম ২মাস। এছাড়া আবেদনকারী প্রার্থীদের কম্পিউটার টেস্ট জন্য আলাদাভাবে যাতায়াত করতে হবে না। এক্ষেত্রে শূন্য পদ প্রায় শতভাগ পূরণ করা সম্ভব হবে; যা বিদ্যমান সিস্টেমে সম্ভব হচ্ছে না।

*** যদি আবেদনকারী বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের লিখিতি পরীক্ষা উত্তীর্ণ হওয়ার পর কম্পিউটার টেস্টে জন্য আসা-যাওয়ার প্রয়োজন হবে, সেই সংশ্লিষ্ট আবেদনকারী অর্থ ও সময় সাশ্রয় হবে কয়েকগুণ।

১৩৫৫


**বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল**
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭


BCC

## বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর কাউন্সিল কমিটির ৪০তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জুনাইদ আহ্‌মেদ পলক<br>প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ<br>ও<br>চেয়ারম্যান, কাউন্সিল কমিটি, বিসিসি |
| সভার তারিখ | ০৭ আগস্ট ২০২৩ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | বিসিসি সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর ৪০তম কাউন্সিল সভা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী এবং কাউন্সিল কমিটির সম্মানিত চেয়ারম্যান জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টের সকল শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। বিসিসির নির্বাহী পরিচালক (গ্রেড-১) এবং কাউন্সিল কমিটির সদস্যসচিব সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: ৩৯তম কাউন্সিল সভার কার্যবিবরণী অনুমোদন ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;**

১.১ ৩৯তম কাউন্সিল সভার কার্যবিবরণী অনুমোদনঃ ১৮ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত বিসিসির কাউন্সিল কমিটির ৩৯তম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য পেশ করা হয়।

**সিদ্ধান্ত ১.১(৪০)/২০২৩:** বিগত ১৮ আগস্ট ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিসিসির কাউন্সিল কমিটির ৩৯তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ় করা হয়।

৩৪

**আলোচ্য বিষয়-১২: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক কম্পিউটার/সাঁটমুদ্রাক্ষরিক/অ্যাপটিটিউড টেস্ট গ্রহণপূর্বক সার্টিফিকেট প্রদানের অনুমোদন:**

বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার গ্রেড-১১ হতে গ্রেড-২০ এর পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর কম্পিউটার/সাঁটমুদ্রাক্ষরিক/অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হয়। বেশীরভাগ ক্ষেত্রেই দেখা যায় লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হবার পর পরীক্ষার্থীগণ কম্পিউটার টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে পারে না। কারণ, BCS পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছে এমন পরীক্ষার্থীগণ গ্রেড-১১ হতে গ্রেড-২০ এর পদে নিয়োগ প্রাপ্তির আশায় আবেদন করে। ফলে তারা সহজেই লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয় কিন্তু ব্যবহারিক পরীক্ষার জন্য তাদের প্রস্তুতি না থাকায় ব্যবহারিক পরীক্ষায় তারা উত্তীর্ণ হতে পারে না। অন্যদিকে কিছু পরীক্ষার্থী ব্যবহারিক পরীক্ষার পূর্ণ প্রস্তুতি গ্রহণ করেও লিখিত পরীক্ষায় BCS এর জন্য প্রস্তুতি গ্রহণকারী পরীক্ষার্থীদের সাথে Competition-এ টিকতে পারেনা। ফলে, নিয়োগকারী মন্ত্রণালয়/সংস্থা তাদের শূন্যপদ পূরণে জটিলতায় পড়েন। অথচ লিখিত/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ বাবদ তাদের প্রায় ১৫/২০ লক্ষ টাকা খরচ হয়ে যায়।

**সিদ্ধান্ত-১২(৪০)/২০২৩:** সময় এবং অর্থ সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় নিয়ে বিসিসিকে এ ধরনের পরীক্ষা নিয়মিত গ্রহণ এবং সার্টিফিকেট ইস্যুর অনুমতি প্রদান করা হলো। বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার নিকট কম্পিউটার গতি পরীক্ষার এ সনদ গ্রহণযোগ্য হিসাবে বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে অন্যান্য মন্ত্রণালয় এবং অধীনস্ত দপ্তর সংস্থাকে পত্র দিতে হবে।

**আলোচ্য বিষয়-১৩: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর কর্মকর্তা কর্তৃক ব্যক্তিগত কাজে সরকারি গাড়ী ব্যবহারের নির্ধারিত হার সংশোধন:**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর প্রাধিকার বহির্ভূত কর্মকর্তাগণ ব্যক্তিগত (জরুরি) প্রয়োজনে কাউন্সিল অনুমোদিত নির্ধারিত হারে দাপ্তরিক যানবাহন ব্যবহার করে থাকেন। গাড়ির যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতকল্পে এবং জ্বালানী সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় রেখে প্রতি-পাঁচ কিলোমিটারের জন্য ১লিটার জ্বালানী মূল্য প্রদান সাপেক্ষে সর্বোচ্চ ৮ ঘন্টা ব্যবহারের প্রস্তাব করা হয়েছে।

**সিদ্ধান্ত-১৩(৪০)/২০২৩:** পরিবহন পুল কর্তৃক নির্ধারিত বিধি-বিধান বিসিসির কর্মকর্তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

**সিদ্ধান্ত বিবিধ-১(৪০)/২০২৩:** প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হলো। কমিটি আগামী ১৫ (পনের) দিনের মধ্যে Cyber Security বিষয়ক রূপরেখা প্রণয়ন করে মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর নিকট উপস্থাপনের নিমিত্ত নির্বাহী পরিচালক বিসিসি বরাবর জমা দিবে।

**আলোচ্য বিষয় বিবিধ: (২) Data center-এ Supper Admin/Admin হিসাবে কর্মরত কর্মকর্তাগণের তথ্য যাচাই:**

ন্যাশনাল ডাটা সেন্টার (এনডিসি)তে যে সকল কর্মকর্তার Server-এ Supper Admin/ Admin হিসাবে এক্সেস রয়েছে, তাদের তথ্য NSI, DGFI-এর মাধ্যমে যাচাই করার বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত বিবিধ-২(৪০)/২০২৩:** এনডিসির সার্ভারে SupperAdmin/Admin হিসাবে এক্সেস রয়েছে, এমন কর্মকর্তা/কর্মচারীগণের তথ্য NSI, DGFI-এর মাধ্যমে যাচাই করতে হবে।

**আলোচ্য বিষয় বিবিধ: (৩) বিসিসিতে Tesla Electric Car ব্যবহার:**

Electric car ব্যবহারে কি পরিমান জ্বালানী সাশ্রয় হয় তার যথার্থতা যাচাই করে বাস্তব অভিজ্ঞতাভিত্তিক রূপরেখা প্রণয়নের স্বার্থে বিসিসিতে একটি Tesla Electric car ব্যবহার করা প্রয়োজন মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত বিবিধ-৩(৪০)/২০২৩:** ক্রয়/ভাড়ার ভিত্তিতে বিসিসিতে একটি **Tesla Electric Car** ব্যবহার করতে হবে এবং জ্বালানী সাশ্রয়ের প্রতিবেদন দিতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/৮/২৩

(রণজিৎ কুমার)
সদস্যসচিব
কাউন্সিল কমিটি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(জুনাইদ আহ্‌মেদ পলক)
সভাপতি
কাউন্সিল কমিটি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
ও
প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ